



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/19/2022

গভর্নর ক্যাথি হোকল

**স্টেটজুড়ে কর্মস্থলে যৌন হয়রানি সংক্রান্ত হটলাইন চালু হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা**

**বিনামূল্যের ও গোপনীয় এই হটলাইন কর্মস্থলে যৌন হয়রানির শিকার হওয়া লোকজনকে আইনি পরামর্শ প্রদান করবে**

**যৌন হয়রানি সংক্রান্ত সমস্যাগুলোর ব্যাপারে বিনামূল্যে সেবা প্রদানকারী আইনজীবীদের সাথে সংযুক্ত হতে নিউ ইয়র্কবাসীরা 1-800-HARASS-3 নম্বরে ফোন করতে পারবেন**

গভর্নর ক্যাথি হোকল আজ কর্মস্থলে যৌন হয়রানির শিকার হওয়ার সমস্যার জন্য স্টেটব্যাপী একটি হটলাইন, 1-800-HARASS-3 (1-800-427-2773), চালু হওয়ার ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগ (Division of Human Rights) এই গোপনীয় হটলাইন পরিচালনা করবে এবং যৌন হয়রানির শিকার হয়েছেন এমন কর্মীদের পরামর্শ দেওয়ার জন্য তাদেরকে বিনামূল্যে সেবা প্রদানকারী অভিজ্ঞ আইনজীবীদের সাথে সংযুক্ত করবে।

"প্রত্যেক কর্মীর নিজেকে যৌন হয়রানি থেকে সুরক্ষিত রাখার সংস্থানগুলোর অ্যাক্সেস পাওয়ার অধিকার রয়েছে," বলেছেন গভর্নর হোকল। "নিউ ইয়র্ক স্টেট কর্মস্থলকে অধিকতর নিরাপদ, আরো বেশি শ্রদ্ধাপূর্ণ, এবং আরো বেশি সহযোগিতাপূর্ণ করে তোলার পদক্ষেপ গ্রহণ করেছে, এবং আমরা ভুক্তভোগীদের সহায়তা করা এবং যৌন হয়রানির ব্যাধি নির্মূল করার জন্য কাজ করে যাওয়া কখনো বন্ধ করবো না।"

"যৌন হয়রানি শুধু অসম্মানজনকই নয়, বরং কিছু ক্ষেত্রে ভয়ঙ্করও বটে, প্রায় ক্ষেত্রেই এটি ভুক্তভোগীকে এমন অনুভূতি দিতে পারে যে তার যাওয়ার মতো কোনো জায়গা নেই," বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো। "এই নতুন হটলাইন কর্মস্থলে যৌন হয়রানির শিকার হওয়া ভুক্তভোগীদেরকে সাহায্য ও আইনি সহায়তা অ্যাক্সেস করার একটি সুস্পষ্ট স্থান প্রদান করবে।"

মার্চ মাসে, গভর্নর হোকল বিভাগটিকে এই হটলাইন বাস্তবায়নের পাশাপাশি বৈষম্যের শিকার হওয়া ভুক্তভোগীদেরকে তাদের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণের ঘটনা থেকে সুরক্ষা প্রদান জোরদার করা এবং সব সরকারি কর্মচারী মানবাধিকার আইনের আওতাধীন বলে বিবেচিত হবেন এই

বিষয়টি সুস্পষ্টভাবে প্রকাশ করার নির্দেশ প্রদান করে [আইন স্বাক্ষর করেছেন](#)। এই উদ্যোগ কর্মীদেরকে যৌন হয়রানির জটিল সমস্যা মোকাবেলা করতে সাহায্য করার জন্য বিনামূল্যে নির্দেশনা প্রদান করবে। এই বিভাগ ন্যাশনাল এমপ্লয়মেন্ট লইয়ার্স অ্যাসোসিয়েশন অব NY (National Employment Lawyers Association of NY), নিউ ইয়র্ক স্টেট বার অ্যাসোসিয়েশন (New York State Bar Association), এবং অন্যান্য বার অ্যাসোসিয়েশনের সাথে এই প্রচেষ্টায় অংশগ্রহণকারী ও বিনামূল্যে সেবা প্রদানকারী আইনজীবী স্বেচ্ছাসেবকদের নিযুক্ত করার জন্য নিবিড়ভাবে কাজ করেছে।

**মানবাধিকার বিভাগের কমিশনার মারিয়া এল. ইম্পেরিয়াল বলেন,** "যৌন হয়রানির একটি বিধ্বংসী প্রভাব রয়েছে এবং এটি একা মোকাবেলা করা কঠিন। প্রত্যেক নিউ ইয়র্কবাসী যেন মানবাধিকার আইনের অধীনে তাদের অধিকার ও সুরক্ষাসমূহের পূর্ণাঙ্গ সুবিধা গ্রহণ করতে পারেন সে বিষয়টি নিশ্চিত করতে আমরা কাজ করবো।"

নিউ ইয়র্কের রয়েছে দেশের মধ্যে প্রথম স্টেট হিসেবে মানবাধিকার আইন প্রণয়ন করার গর্বিত অর্জন, যে আইন প্রত্যেক নাগরিককে "একটি পূর্ণাঙ্গ ও উৎপাদনমুখী জীবন উপভোগ করার সমান সুযোগ" প্রদান করে। নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগ বৈষম্য নির্মূল, অবিচারের প্রতিকার, এবং মানবাধিকার আইন প্রয়োগের মাধ্যমে সমান সুযোগের অ্যাক্সেস ও মর্যাদার প্রসার ঘটানোর জন্য নিবেদিতভাবে কাজ করেছে। অভিযোগ দায়ের করতে আগ্রহী ব্যক্তির বিভাগের ওয়েবসাইটে ভিজিট করতে পারেন <https://dhr.ny.gov> ঠিকানায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)